

■■ মুখতাসারুল ফাওয়ায়েদ (ইবনুল কাইয়েয়ম রহ.-এর আল-ফাওয়ায়েদ অবলম্বনে)

বিভাগ/অধ্যায়ঃ ফায়েদা: হিদায়াতের দিক থেকে পরিপূর্ণ মানুষ রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ফায়েদা: হিদায়াতের দিক থেকে পরিপূর্ণ মানুষ

আল্লাহ তা'আলা বলেছেন.

﴿ وَٱلَّذِينَ جُهَدُواْ فِينَا لَنَهِ الدِّينَّهُم السُّبُلَنا وَإِنَّ ٱللَّهَ لَمَعَ ٱلآمُدالسِنِينَ ٦٩ ﴾ [العنكبوت: ٦٩]

"আর যারা আমাদের পথে সর্বাত্মক প্রচেষ্টা চালায়, তাদেরকে আমরা অবশ্যই আমাদের পথে পরিচালিত করব। আর নিশ্চয় আল্লাহ সৎকর্মশীলদের সাথেই আছেন।" [সূরা আল-'আনকাবৃত, আয়াত: ৬৯] এ আয়াতে আল্লাহ তা'আলা হিদায়াতকে জিহাদের সাথে সম্পর্কযুক্ত করেছেন। সুতরাং হিদায়াতের দিক দিয়ে সে ব্যক্তি পরিপূর্ণ যে জিহাদের দিক থেকে সর্বাগ্রে। নফস, প্রবৃত্তি, শয়তান ও দুনিয়াদারীর বিরুদ্ধে জিহাদ হলো সর্বোত্তম ফর্য জিহাদ। যে ব্যক্তি এ চারটির বিরুদ্ধে আল্লাহর সম্ভৃষ্টির জন্য জিহাদ করবে, আল্লাহ তাকে তাঁর সম্ভৃষ্টির পথ দেখাবেন যে পথ তাকে জান্নাতে পৌঁছে দিবে। আর যে ব্যক্তি এগুলোতে জিহাদ পরিত্যাগ করবে সে জিহাদের প্রকারগুলোর মধ্যে যতটুকুতে জিহাদ বন্ধ করেছে ততটুকু হিদায়াত থেকে বঞ্চিত হবে।

জুনায়েদ রহ. বলেছেন, যারা আমাদের পথে প্রবৃত্তির বিরুদ্ধে তাওবার মাধ্যমে জিহাদ করবে, আমরা অবশ্যই তাদেরকে ইখলাসের পথে পরিচালিত করব। আর এসব শক্রর বিরুদ্ধে কখনও বাহ্যিকভাবে জিহাদ করা সম্ভব হবে না যতক্ষণ এসব শক্রর বিরুদ্ধে গোপন জিহাদ করা না হবে। যে ব্যক্তি প্রবৃত্তির বিরুদ্ধে জয়লাভ করবে সেশক্রর ওপরও বিজয় লাভ করবে। আর যে ব্যক্তির ওপর প্রবৃত্তি জয়লাভ করবে তার ওপর শক্রও জয় লাভ করবে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9724

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন